গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন শাখা
www.mole.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪ তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস, ২০১৯' পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কে এম আলী আজম<br>ভারপ্রাপ্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| স্থান | : | মন্ত্রণালয়-সভাকক্ষ (কক্ষ নং-৪২২) |
| তারিখ | : | ২৪ জুলাই ২০১৯ |
| সময় | : | সকাল ১০.০০ মিনিট |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সভার শুরুতেই সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

২। সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ আজিমুদ্দিন বিশ্বাস মন্ত্রিপরিষদ বিভাগের ০৯ জুলাই ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৯.৬৭৯ নম্বর স্মারকে বর্ণিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪ তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস, ২০১৯' পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত সভাকে অবহিত করেন। তিনি আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ জাতীয় শোক দিবস, ২০১৯ পালন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের প্রস্তাবিত কর্মসূচিও সভায় উপস্থাপন করেন। সভাপতি এ মন্ত্রণালয় কর্তৃক জাতীয় শোক দিবস, ২০১৯ পালনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়নের জন্য উপস্থিত সকলের মতামত আহবান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদত বার্ষিকীতে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যপূর্ণ পরিবেশে জাতীয় শোক দিবস, ২০১৯ পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

| ক্র/নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | (ক) ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ১০.০০ টায় ধানমন্ডির ৩২ নং রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষ থেকে একটি ব্যানারসহ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | ক. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;<br>খ. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;<br>গ. শ্রম অধিদপ্তর;<br>ঘ. শ্রম আপীল ট্রাইব্যুনাল;<br>ঙ. নিম্নতম মজুরী বোর্ড;<br>চ. বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন<br>ছ. কেন্দ্রীয় তহবিল। |

Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| | (খ) এতে মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ স্ব-স্ব দপ্তরের ব্যানার এবং পুষ্পস্তবকসহ উপস্থিত থাকবেন। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতি নিশ্চিতকরণের জন্য যুগ্মসচিব (প্রশাসন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। স্ব-স্ব দপ্তর প্রধান তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করবেন। | |
| ২ | জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পোষাকে মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণ ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ০৯.৩০ মিনিটে ধানমন্ডির মেট্রো শপিং মলের উত্তর-পশ্চিম কর্ণারে সমবেত হবেন। | ক. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;<br>খ. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;<br>গ. শ্রম অধিদপ্তর;<br>ঘ. শ্রম আপীল ট্রাইব্যুনাল;<br>ঙ. নিম্নতম মজুরী বোর্ড;<br>চ. বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন<br>ছ. কেন্দ্রীয় তহবিল। |
| ৩ | (ক) সকল কর্মকর্তা/কর্মচারী জাতীয় শোক দিবস, ২০১৯-এ কালো ব্যাজ ধারণ করবেন।<br>(খ) সকল কর্মকর্তা/কর্মচারী জাতীয় শোক দিবস, ২০১৯ উপলক্ষ্যে ১৮-২০ আগস্ট ২০১৯ পর্যন্ত কালো ব্যাজ ধারণ করবেন।<br>(গ) এ মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য কালো ব্যাজ যুগ্মসচিব (প্রশাসন) সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(ঘ) অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কালো ব্যাজ সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ক. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;<br>খ. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;<br>গ. শ্রম অধিদপ্তর;<br>ঘ. শ্রম আপীল ট্রাইব্যুনাল;<br>ঙ. নিম্নতম মজুরী বোর্ড;<br>চ. বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন<br>ছ. কেন্দ্রীয় তহবিল। |
| ৪ | (ক) মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরের মাঠপর্যায়ের অফিসসমূহ স্বতন্ত্রভাবে অথবা স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস, ২০১৯ পালন করবে।<br>(খ) এ বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | ক. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;<br>খ. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;<br>গ. শ্রম অধিদপ্তর;<br>ঘ. শ্রম আপীল ট্রাইব্যুনাল;<br>ঙ. নিম্নতম মজুরী বোর্ড;<br>চ. বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন<br>ছ. কেন্দ্রীয় তহবিল। |
| ৫ | (ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ১৮ আগস্ট ২০১৯ তারিখ বিকাল ৩.৩০ মিনিটে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে আলোচনা সভা ও দোয়া-মাহফিল-এর আয়োজন করা হবে।<br>(খ) এতে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী এবং মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত থাকবেন। | ক. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;<br>খ. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;<br>গ. শ্রম অধিদপ্তর;<br>ঘ. শ্রম আপীল ট্রাইব্যুনাল;<br>ঙ. নিম্নতম মজুরী বোর্ড;<br>চ. বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন<br>ছ. কেন্দ্রীয় তহবিল। |
| ৬ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের দৃশ্যমান স্থানে জাতীয় শোক দিবস, ২০১৯-এর সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার প্রদর্শন করার ব্যবস্থা গ্রহণ করবে। | ক. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;<br>খ. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;<br>গ. শ্রম অধিদপ্তর;<br>ঘ. শ্রম আপীল ট্রাইব্যুনাল;<br>ঙ. নিম্নতম মজুরী বোর্ড;<br>চ. বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন<br>ছ. কেন্দ্রীয় তহবিল। |



Scanned by CamScanner

৪। জাতীয় শোক দিবস, ২০১৯ পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে ''জাতীয় শোক দিবস, ২০১৯-এর কর্মসূচি বাস্তবায়ন কমিটি'' গঠন করা হল:

| ক্র/নং | পদবী | কর্মস্থল | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (শ্রম) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | আহবায়ক | |
| ২. | যুগ্মসচিব (প্রশাসন) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য | |
| ৩. | যুগ্মসচিব (শ্রম) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য | |
| ৪. | অতিরিক্ত মহাপরিদর্শক | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সদস্য | |
| ৫. | অতিরিক্ত মহাপরিচালক | শ্রম অধিদপ্তর | সদস্য | |
| ৬. | উপসচিব (কর্মসংস্থান) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য | |
| ৭. | উপসচিব (শ্রম) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য | |
| ৮. | সিস্টেম এনালিস্ট | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য | |
| ৯. | রেজিস্ট্রার | শ্রম আপীল ট্রাইব্যুনাল | সদস্য | |
| ১০. | সচিব | নিম্নতম মজুরী বোর্ড | সদস্য | |
| ১১. | উপপরিচালক | বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন | সদস্য | |
| ১২. | উপপ্রধান (আই,ও) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব | |

কর্মপরিধি:

ক) জাতীয় শোক দিবস, ২০১৯-এর গৃহীত কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

খ) জাতীয় শোক দিবস, ২০১৯-এর কর্মসূচি বাস্তবায়নের ডকুমেন্টেশন/ছবি/ভিডিও তৈরি করা;

গ) কালো ব্যাজ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা;

ঘ) আন্তর্জাতিক কনভেনশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিভিন্ন ভাষনের তথ্য সংগ্রহ;

ঙ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শ্রম ও শ্রমিক কল্যাণ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ ভাষণ সম্বলিত ১০-১৫ মিনিটের একটি ডকুমেন্টারী তৈরি;

চ) জাতীয় শোক দিবস, ২০১৯-এর ব্যানার তৈরি, ডিজাইন, কনটেন্ট অনুমোদন করা;

ছ) জাতীয় শোক দিবস, ২০১৯-এ যাবতীয় প্রচারণা ওয়েবসাইট এবং ফেসবুকে দেওয়ার পূর্বে অনুমোদন দেওয়া;

জ) জাতীয় শোক দিবস, ২০১৯ পালন উপলক্ষ্যে আগামী ০৫ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করা;

ঝ) মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার ৩০ জন স্বেচ্ছাসেবক নির্ধারণ করা;

ঞ) জাতীয় শোক দিবস, ২০১৯ যথাযোগ্য মর্যাদায় পালনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করে ফলো-আপ সভায় উপস্থাপন করা;

ট) জাতীয় শোক দিবস, ২০১৯ পালনের লক্ষ্যে ১৮-০৮-২০১৯ তারিখে মন্ত্রণালয়ের সভাকক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল-এর আয়োজন করা;

ঠ) জাতীয় শোক দিবস, ২০১৯ পালন উপলক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য নির্দেশনা পালন;

ড) কমিটি প্রয়োজনবোধে যে-কোনো কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৫। সভাপতি ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ২০১৯ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে আন্তরিকতার সঙ্গে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের অনুরোধ জানান। তিনি গৃহীত কর্মসূচির যথাযথ বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-২৪-০৭-২০১৯
(কে এম আলী আজম)
ভারপ্রাপ্ত সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

Scanned by CamScanner

নং-৪০.০০.০০০০.০১১.০৯৯.০৬.১০-১৮৮

১০ শ্রাবণ ১৪২৬ বা:
তারিখ:---------------------
২৫ জুলাই ২০১৯ খ্রি:

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ২৩-২৪ কাওরান বাজার, ৩য় ও ৪র্থ তলা, ঢাকা।
৬. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ৪ নং রাজউক এভিনিউ, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৮. মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০. যুগ্মসচিব (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. জেলা প্রশাসক, (সকল)...................................................................................... জেলা।
১২. উপসচিব (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপ্রধান (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. রেজিস্টার, শ্রম আপীল ট্রাইব্যুনাল, ৪৩ আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা।
১৭. সচিব, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, ঢাকা-১০০০।
১৮. অফিস কপি।

২৫/০৭/২০১৯

(মো: আজিমুদ্দিন বিশ্বাস)
যুগ্মসচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫১৪০৭৩
ইমেইলঃdsadmin@mole.gov.bd

Scanned by CamScanner